



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/পটুয়াখালী-৫৩/২২৯

তারিখ:

১০ কার্তিক ১৪২৯

২৬ অক্টোবর ২০২২

বিষয় : সহ-সুপার জনাব গাজী মতিয়র রহমানকে স্বপদে পুনর্বহাল করা প্রসঙ্গে।

সূত্র : ১। জনাব গাজী মতিয়র রহমান এর ১৮.০৯.২০২২ইং তারিখের আবেদন;  
২। বামাশিবো/প্রশা/পটুয়াখালী-৫৩/২১৮ তারিখ: ০৩.১০.২০২২ইং।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে পটুয়াখালী জেলার সদর উপজেলাধীন বদরপুর কে, এন বালিকা দাখিল মাদ্রাসার সহ-সুপারকে এডহক কমিটির মাধ্যমে সম্পূর্ণ অন্যায়াভাবে সাময়িক বরখাস্ত করা হয়েছে মর্মে সাময়িক বরখাস্তকৃত সহ-সুপার জনাব গাজী মতিয়র রহমান কর্তৃক সূত্রোক্ত ১নং স্মারকে অভিযোগ দাখিল করা হয়েছে। অভিযোগ বিষয়ে সুস্পষ্ট লিখিত বক্তব্য, সমর্থনীয় কাগজপত্র এবং ভারপ্রাপ্ত সুপারের দায়িত্ব প্রদান সংক্রান্ত কাগজপত্র জমা দেওয়ার জন্য মাদ্রাসার ভারপ্রাপ্ত সুপার এবং অভিযোগকারী সহ-সুপার জনাব গাজী মতিয়র রহমানকে সূত্রোক্ত ২নং স্মারকে পত্র দেয়া হয়। উক্ত পত্রের আলোকে ভারপ্রাপ্ত সুপার জনাব ফেরদৌসি জাহান ও সহ-সুপার জনাব গাজী মতিয়র রহমান কর্তৃক জবাবসহ কাগজপত্র দাখিল করা হয়েছে। দাখিলকৃত কাগজপত্র যাচাই করে দেখা যায় ভারপ্রাপ্ত সুপার পদে জনাব ফেরদৌসি জাহানকে জ্যেষ্ঠতা লঙ্ঘন করে দায়িত্ব প্রদান করা হয়েছে। সহ-সুপার জনাব গাজী মতিয়র রহমান এর সাময়িক বরখাস্ত বিধি সম্মত হয়নি মর্মে ইতোমধ্যে জেলা শিক্ষা অফিসার, পটুয়াখালী কর্তৃক তদন্তে প্রমাণিত হয়েছে। অপরদিকে, অভিযোগের বিষয়ে ভারপ্রাপ্ত সুপার জনাব ফেরদৌসি জাহান এর দাখিলকৃত জবাব সন্তোষজনক নয় মর্মে প্রতীয়মান হয়েছে।

বর্ণিত অবস্থায় সাময়িক বরখাস্ত বিধি সম্মত না হওয়ায় পত্র জারির পর থেকে জনাব গাজী মতিয়র রহমানকে বদরপুর কে, এন বালিকা দাখিল মাদ্রাসার সহ-সুপার পদে পুনর্বহাল করা হলো এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত) এর অনুচ্ছেদ ১৭.৪ মোতাবেক ভারপ্রাপ্ত সুপারের দায়িত্ব পালন করবেন। একইসাথে পুনর্বহালকৃত সহ-সুপার জনাব গাজী মতিয়র রহমান এর মাধ্যমে মাদ্রাসার যাবতীয় কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে বোর্ড কর্তৃক প্রদত্ত মাদ্রাসার পাসওয়ার্ড পরিবর্তনের আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

  
২৬.১০.২০২২

মো: সিদ্দিকুর রহমান

রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

  
২৬.১০.২২

- ১। সভাপতি, পরিচালনা কমিটি,  
বদরপুর কে, এন বালিকা দাখিল মাদ্রাসা;  
২। জনাব গাজী মতিয়র রহমান, সহ-সুপার,  
বদরপুর কে, এন বালিকা দাখিল মাদ্রাসা,  
পো: মৌকরণ, সদর, পটুয়াখালী।

নং-বামাশিবো/প্রশা/পটুয়াখালী-৫৩/২২৯

তারিখ:

১০ কার্তিক ১৪২৯

২৬ অক্টোবর ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, পটুয়াখালী;
২. উপ-রেজিস্ট্রার (কমন), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৩. জেলা শিক্ষা অফিসার, পটুয়াখালী;
৪. উপজেলা নির্বাহী অফিসার, সদর, পটুয়াখালী;
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, পটুয়াখালী;
৬. ম্যানেজার, সোনালী/রুপালী/অগ্রণী/জনতা ব্যাংক লি.; ..... শাখা, সদর, পটুয়াখালী;
৭. জনাব ফেরদৌসি জাহান (বর্তমান ভারপ্রাপ্ত সুপার),  
বদরপুর কে, এন বালিকা দাখিল মাদ্রাসা (দায়িত্ব পালন সময়ের মাদ্রাসার যাবতীয় কাগজপত্র বুকিয়ে দেয়ার জন্য);
৮. পিও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৯. অফিস কপি।

  
২৬/১০/২২

মো: ওমর ফারুক

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd

  
২৬.১০.২২